



কৃষকের অ্যাপ

সর্বাধুনিক কৃষকবান্ধব সেবা

বর্তমান সরকারের অন্যতম অঙ্গীকার সরকারি সেবা জনগণের দোরগোড়ায় থেকে হাতের মুঠোয় নিয়ে যাওয়া। সে লক্ষ্য অর্জনের “কৃষকের অ্যাপ” নামে একটি মোবাইল অ্যাপ বানানো হয়েছে। স্মার্টফোনে ব্যবহার উপযোগী এই অ্যাপটি ব্যবহার করে একজন কৃষক খুব সহজেই যে সেবাগুলি পাবেন তাহলো:

- কম সময়ে, কম খরচে ঘরে বসে ধান-গম সরাসরি বিক্রয় করতে পারবেন।
- হয়রানি ও ভোগান্তি কমবে।
- নিবন্ধন, বিক্রয়ের আবেদন অনুমোদন, বরাদ্দের আদেশ এবং মূল্য পরিশোধের সনদ সম্পর্কিত তথ্য ঘরে বসেই পাওয়া যাবে।
- সরাসরি অভিযোগ দাখিল করা যাবে।

সনাতন পদ্ধতিতে ধান-গম বিক্রয়ের আবেদনের জন্য একাধিকবার খাদ্য অফিসে যেতে হয় কিন্তু ডিজিটাল পদ্ধতিতে “কৃষকের অ্যাপ” ব্যবহার করে ঘরে বসেই ধান-গম বিক্রয়ের আবেদন করা যাবে, আর বরাদ্দের আদেশ জারি হওয়া মাত্র মোবাইলে এসএমএস চলে আসবে।

বিস্তারিত তথ্য জানতে নিকটস্থ উপ-সহকারি কৃষি কর্মকর্তা ও ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের সাথে যোগাযোগ করুন।

প্রচারে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।